পশ্চিমবঙ্গ সরকার
মহকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণ,
সদর, কোচবিহার, পশ্চিমবঙ্গ।
দূরভাষ: ০৩৫৮২-২২৮৬৩৩

Sub - Divisional Land and Land Reforms Office, Sadar, Cooch Behar

নোটিশ সংখ্যা: ০১ তাং ১৬.১০.২০২০

জলকর বন্দোবস্তের দরপত্র আহ্বানের বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র মহকুমার সমস্ত মৎস্যজীবি সমবায় সমিতি/মৎস্য উৎপাদন গোষ্ঠী/স্বয়ম্ভর গোষ্ঠীকে জানানো যাইতেছে যে, ১৯৯১ সালের পশ্চিমবঙ্গ সরকারের ভূমি ও ভূমি সংস্কার নির্দেশিকার ১৭ নং পরিচ্ছেদের ২৭২ নং বিধি এবং অতিরিক্ত জেলা শাসক, কোচবিহার-এর নির্দেশানুসারে অত্র মহকুমার ১০টি জলকরের (অত্র বিজ্ঞপ্তির 'ক' তপশীলে বর্নিত) জন্য বাংলা ১৪২৭ সনের ১লা বৈশাখ হইতে, ২০ একর পর্যন্ত জলকরগুলি ৫(পাঁচ) বছরের জন্য এবং ২০ একরের উর্দ্ধে জলকরগুলি ৭(সাত) বছরের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে মেয়াদী বন্দোবস্ত দেওয়ার জন্য দরপত্র আহ্বান করা হইতেছে। বন্দোবস্ত গ্রহণে ইচ্ছুক মৎস্যজীবি সমবায় সমিতি/ মৎস্য উৎপাদনকারী গ্রুপ/স্বয়ম্ভর গোষ্ঠীর নিকট হইতে ১০ টাকা কোর্ট ফি সংযুক্ত দরখাস্ত গালা ও সীলকরা মুখবন্ধ খামে প্রত্যেক জলকরের জন্য পৃথক পৃথক দরপত্র আহ্বান করা হইতেছে। দরপত্র এবং অন্যান্য কাগজপত্রগুলি অত্র করণে সীলকরা বাক্সে জমা দিতে হইবে।

: শর্তাবলী :

০১। দরপত্র দাখিলকারী সমবায় সমিতির/গোষ্ঠীর সম্পাদকের স্বাক্ষর ও সমিতির/গোষ্ঠীর সিলমোহর লাগাইতে হইবে ও রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ করিতে হইবে। সমিতির/গোষ্ঠীর নাম ও ঠিকানা স্পষ্ট ও সম্পূর্ণভাবে লিখিতে হইবে।

০২। দরপত্রের সঙ্গে সমিতির/গোষ্ঠীর রেজিস্ট্রেশনের সংশাপত্রের অনুলিপি প্রদান করিতে হইবে।

০৩। গ্রুপ/স্বয়ম্ভর গোষ্ঠীর ক্ষেত্রে আবেদনকারীকে প্রদত্ত সমিতির/গোষ্ঠীর এফ.ই.ও দ্বারা প্রদত্ত শংসাপত্র বি.ডি.ও. দ্বারা প্রত্যয়িত করিতে হইবে।

০৪। খামের উপর আবেদনকারীর সিলমোহর লাগাতে হইবে ও কোন জলকরের জন্য দরপত্র দেওয়া হইতেছে তার উল্লেখ করিতে হইবে।

০৫। দরপত্র আহ্বানকার্য্যে অংশগ্রহনকারী সমবায় সমিতির/গোষ্ঠীর প্রতিনিধিকে জলাশয়ের তালিকাতে উল্লিখিত নূন্যতম ধার্য্যমূল্যের এক দশমাংশ (১০%) পরিমান অর্থ আর্নেস্ট মানি হিসাবে **Bank Draft** মারফৎ **SDL & LRO, Sadar, Cooch Behar** এর নামে জমা দিয়া **Sealed bid** এ অংশ গ্রহণ করিতে হইবে এবং সর্ব্বোচ্চ ডাকধারী যাকে বন্দোবস্ত দেওয়া হইবে তিনি ব্যতীত অন্যান্য সকল অংশগ্রহণকারীর জমাকৃত অর্থ ফেরৎ দেওয়া হইবে।

০৬। দরপত্র এবং শংসাপত্র দুটি আলাদা মুখবন্ধ খামে ভরে একটি বড় খামে জমা করিতে হইবে। প্রতিটি খামে আবেদনকারীর সীলমোহর এবং কোন জলকরের জন্য দরপত্র তাহা উল্লেখ করিতে হইবে এবং কোনটি দরপত্র, কোনটি শংসাপত্র তাহা পরিস্কার ভাবে খামের উপর উল্লেখ করিতে হইবে।

০৭। দরপত্রে দরের পরিমাণ অঙ্কে ও কথায় উল্লেখ করিতে হইবে।

০৮। দুই বা ততোধিক সমিতি/গোষ্ঠীর যুক্ত নামে নীলামে অংশ গ্রহণ করিতে পারিবেন না।

০৯। দরপত্র আগামী ইং ০৬.১১.২০২০ তাং থেকে ২৫.১১.২০২০ বেলা ১১টা হইতে বেলা ৫.০০টা পর্যন্ত প্রতি কাজের দিন গ্রহণ করা হইবে।

১০। দরপত্র গ্রহণের স্থান: মহকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণ, সদর, কোচবিহার।

১১। ইং ২৬.১১.২০২০ তাং বেলা ১২টার সময় মহকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণ, সদর, কোচবিহার এ উপস্থিত দরপত্র প্রদানকারীদের সম্মুখে খোলা হইবে ও দরপত্রগুলি বিবেচনা হইবে।

১২। যে সকল দরপত্র গ্রহণযোগ্য বলে গণ্য হইবে সেটি গ্রহণ করা সর্বদায় যথাযথ উর্দ্ধতন কর্তৃপক্ষের মঞ্জুরী ও অনুমোদন সাপেক্ষ।

১৩। দরপত্র অনুযায়ী নিরুপিত সর্ব্বোচ্চ দর বা প্রস্তাবিত ন্যুনতম দর-এর কমপক্ষে ২৫% ধার্যের দিনই ডাক কর্তার নিকট এককালীন নগদে জমা দিতে হইবে। বাকি অর্থ পরবর্তী ৯০(নব্বই)দিনের মধ্যে নগদে জমা দিতে হইবে। জমা দিতে না পারিলে সেই দরপত্রটি বাতিল হইবে এবং আর্নেস্ট মানি সহ আগেকার জমা দেওয়া অর্থ বাজেয়াপ্ত করা হইবে।

১৪। এইরূপভাবে বাতিলীকৃত দরপত্র প্রদানকারী পুনরায় দরপত্র প্রদান করিতে পারিবেন না। এছাড়া প্রথম দরপত্র বাতিল করিয়া দ্বিতীয় দরপত্র আহ্বান করার ক্ষেত্রে দর যদি প্রথম দরপত্রের দর অপেক্ষা কম হয়, সেক্ষেত্রে যে পরিমাণ টাকা কম হইবে, তা বাতিলীকৃত দরপত্র প্রদানকারী আদায় দিতে বাধ্য থাকিবেন। আপোষে আদায় না দিলে প:ব: পি. ডি. আর অ্যাক্ট মূলে আদায়যোগ্য হইবে।

১৫। কালো তালিকাভূক্ত সমিতি/গোষ্ঠীর অথবা যে সমস্ত সমিতি/গোষ্ঠীর দরপত্র গ্রহণ উর্দ্ধতন কতৃপক্ষের দ্বারা সাময়িকভাবে নিষিদ্ধ হইয়াছে, অথবা যে সমস্ত সমিতি / গোষ্ঠীর পূর্বেই দেয় রাজস্ব দরপত্র গ্রহণের তারিখ পর্যন্ত পরিশোধ হয়নি, তারা দরপত্র দাখিল করিতে পারিবেন না বা দাখিল করিলেও তা গ্রাহ্য হইবে না।

১৬। বন্দোবস্ত নেওয়ার ৩০(ত্রিশ) দিনের মধ্যে প্রয়োজনীয় চুক্তিপত্র সম্পাদন ও ইজারাদারদের নিজ খরচে ঐ চুক্তিপত্র রেজিস্ট্রী করিতে হইবে। চুক্তিপত্র সম্পাদন না করিলেও সরকারের অনুমোদিত চুক্তিপত্রের প্রতিটি ধারা ইজারাদারদের উপর বর্তাবে ও প্রযোজ্য হইবে এবং প্রয়োজনবোধে কর্তৃপক্ষ এই বন্দোবস্ত বাতিল করিতে পারিবেন।

১৭। সর্ব্বোচ্চ দর আশানুরুপ না হলে নিম্ন স্বাক্ষরকারী পুনরায় দরপত্র আহ্বান করিতে পারিবেন।

১৮। সংরক্ষিত মূল্য সংলগ্নপত্রে উল্লেখিত প্রতিটি জলকরের পাশে উল্লেখ করা হইল।

১৯। বন্দোবস্ত গ্রহণকারীরা চুক্তিপত্রের শর্তাবলী ও ইজারাকালের মধ্যে নূতন কোন শর্ত আরোপিত হলে তাও মেনে চলিতে বাধ্য থাকিবেন।

২০। নিরূপিত সর্ব্বোচ্চ দর যা সকল ইজারাদারকে প্রথম বছরের জন্য দিতে হইবে তা পরবর্তী বছরগুলিতে পূর্বের বছরের তুলনায় ৫% (পাঁচ) শতাংশ হারে বর্ধিত হইবে।

২১। সমস্ত মৎস্যজীবি সমবায় সমিতির কর্তৃপক্ষগণকে মীনাধার বিষয়ক জলকর বন্দোবস্ত সম্পর্কিত সমস্ত আইন ও পরিচালিত বিধি-নিষেধ মেনে চলতে হইবে।

২২। কোন কারণ না দর্শিয়েই নিম্ন স্বাক্ষরকারী ও উর্দ্ধতন কর্তৃপক্ষের দরপত্রে গ্রহন, বর্জন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিবর্জন করার অধিকার থাকিবে।

16/10/20

মহকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক
সদর, কোচবিহার

LIST OF WATER BODY FOR WHICH TENDER WILL BE INVITED						
Sl No.	**Name of the Sub-Division**	**Name of the Block**	**Name of the water body**	**Effective area (in acres)**	**Economic rent (in Rs)**	**Lease period**
1	Cooch Behar Sadar	Cooch Behar-I	Bairati Nadi, 6	25.20	60305/-	1427 BS to 1433 BS
2	Cooch Behar Sadar	Cooch Behar-I	Sannyasikura Nadi, 23	30.15	67005/-	1427 BS to 1433 BS
3	Cooch Behar Sadar	Cooch Behar-I	Mansai Nadir Chhara, 4	3.90	19431/-	1427 BS to 1431 BS
4	Cooch Behar Sadar	Cooch Behar-I	HaldiNadir Chhara, 21	3.90	19431/-	1427 BS to 1431 BS
5	Cooch Behar Sadar	Cooch Behar-I	Udgiri Nadi, 20	4.50	19833/-	1427 BS to 1431 BS
6	Cooch Behar Sadar	Cooch Behar-I	Ramsingh Nadi, 39	10.15	25931/-	1427 BS to 1431 BS
7	Cooch Behar Sadar	Cooch Behar-I	Dharla Nadir Chhara, 27	4.06	19566/-	1427 BS to 1431 BS
8	Cooch Behar Sadar	Cooch Behar-I	Chakchaki Nadi,15	20.00	48243/-	1427 BS to 1431 BS
9	Cooch Behar Sadar	Cooch Behar-I	Dharla Nadir Chhara, 28	7.42	45564/-	1427 BS to 1431 BS
10	Cooch Behar Sadar	Cooch Behar-I	Kushari Nadir Chhara, 16	5.06	20101/-	1427 BS to 1431 BS

16/10/20

Sub-Divisional Land & Land Reforms Officer,
Sadar, Cooch Behar.